ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৭৯০

আগরতলা, ৯ সেপ্টেম্বর, ২০২৫

**ধলাই জেলায় ফার্মাসিস্ট ও কমিউনিটি হেলথ অফিসারদের জন্য একদিনের প্রশিক্ষণ অনুষ্ঠিত**

ধলাই জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কার্যালয়ের কনফারেন্স হলে গতকাল ফার্মাসিস্ট ও কমিউনিটি হেলথ অফিসারদের জন্য এক দিনের প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। ধলাই জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি কর্তৃক আয়োজিত এই প্রশিক্ষনের মূল উদ্দেশ্য ছিল স্বাস্থ্য পরিষেবা ব্যবস্থাপনা উন্নত করা।

এদিনের কর্মশালায় মোট ৩৪ জন অংশগ্রহণকারী উপস্থিত ছিলেন। প্রশিক্ষণের মূল উদ্দেশ্য ছিল ঔষধ ও স্বাস্থ্য সরঞ্জাম সরবরাহ ব্যবস্থার প্রতিটি স্তরে দক্ষতা বৃদ্ধি করা এবং যাতে তা নির্বিঘ্নে পরিচালিত হয় সে বিষয়ে সচেতনতা তৈরি করা। প্রশিক্ষণে কিভাবে আধুনিক প্রযুক্তি ও পদ্ধতি ব্যবহার করে সরবরাহ শৃঙ্খলকে আরও কার্যকর করা যায়, সে সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। এই প্রশিক্ষণটি স্বাস্থ্য ব্যবস্থার কার্যকারিতা বাড়াতে এবং প্রত্যন্ত অঞ্চলে সময় মতো ঔষধ ও প্রয়োজনীয় সামগ্রী পৌঁছানো নিশ্চিত করতে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। স্বাস্থ্য দপ্তর থেকে এক প্রেস রিলিজের মাধ্যমে এই সংবাদ জানানো হয়েছে।

*******